

আদ-দুখান | Ad-Dukhan | الدُّخَان

আয়াতঃ ৪৪ : ১৮

আরবি মূল আয়াত:

أَن أَدُّوا إِلَيَّ عِبَادَ اللَّهِ ۖ إِنِّي لَكُم رَسُولٌ أَمِينٌ ﴿١٨﴾

অনুবাদসমূহ:

(সে বলেছিল) ‘আল্লাহর বান্দাদেরকে আমার কাছে ফিরিয়ে দাও; নিশ্চয় আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।’

— আল-বায়ান

সে বলেছিল- আল্লাহর বান্দাদেরকে আমার কাছে অর্পণ কর। আমি তোমাদের জন্য প্রেরিত বিশ্বস্ত রসূল। —

তাইসিরুল

সে বললঃ আল্লাহর বান্দাদেরকে আমার নিকট প্রত্যর্পণ কর। আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল। — মুজিবুর

রহমান

[Saying], "Render to me the servants of Allah. Indeed, I am to you a trustworthy messenger," — Sahih International

১৮. (তিনি ফিরআউনকে বলেছিলেন) আল্লাহর বান্দাদেরকে আমার কাছে ফিরিয়ে দাও। (১) নিশ্চয় আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।

(১) মূল আয়াতে ٱدُّوا বলা হয়েছে। আয়াতাংশের একটি অনুবাদ হচ্ছে আল্লাহর বান্দাদেরকে আমার কাছে সোপর্দ করো। এই অনুবাদ অনুসারে এটা ইতোপূর্বে সূরা আল-আরাফ এর ১০৫, সূরা ত্বাহার ৪৭ এবং আশ-শু'আরার ১৭ নং আয়াতে ‘বনী ইসরাঈলদের আমার সাথে যেতে দাও’ বলে যে দাবী করা হয়েছে সেই দাবীর সমার্থক।

তাফসীরে জাকারিয়া

(১৮) (সে বলল,) আল্লাহর দাসদের (বনী ইসরাঈলদের)কে আমার নিকট ফিরিয়ে দাও। [1] নিশ্চয় আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রসূল। [2]

[1] ٱدُّوا থেকে এখানে মূসা (আঃ)-এর সম্প্রদায় বানী-ইসরাঈলকে বুঝানো হয়েছে; যাদেরকে ফিরআউন দাস বানিয়ে রেখেছিল। মূসা (আঃ) নিজ জাতির স্বাধীনতা দাবী করল।

[2] আল্লাহর বার্তা পৌঁছানোর ব্যাপারে আমি বিশ্বস্ত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4432>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন